



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))

স্মারক.নং বশিবো/পনি/এসএসসি/২০১৬/ ৯২৮

তারিখঃ ০৬ জানুয়ারি ২০১৬ খ্রি.

বিষয়ঃ ২০১৬ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী বিতরণ ।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) পরীক্ষা সামগ্রী গ্রহণ করতে পারবেন। হাজিরাশিট, প্রবেশপত্র ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	ভোলা, বরগুনা, ঝালকাঠি	১৯/০১/২০১৬ মঙ্গলবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	পটুয়াখালী ও পিরোজপুর	২০/০১/২০১৬ বুধবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	২১/০১/২০১৬ বৃহস্পতিবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ ( সাত ) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক পরীক্ষা সামগ্রী বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ২০০/- ( দুইশত ) টাকা হারে জরিমানা জমা দিতে হবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

  
০৬.০১.১৬

✓ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

কেন্দ্র সচিব

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০১৬